

ইসলামিক ইনস্টিটিউট

তারিখ:
পৃষ্ঠা: ৩

০৯ ২০০২

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসীদের উপদ্রব ॥ পুলিশ ক্যাম্প নেই

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও পুলিশ ক্যাম্পের জন্য দাবী এখনও কার্যকর হয়নি। ক্যাম্পাসে কোন অস্থায়ী পুলিশ ক্যাম্প নেই। আগারগায়ে বিএনপি বস্তি উচ্ছেদের পর থেকে ক্যাম্পাসে ছিনতাইকারী

ও সন্ত্রাসীদের আনাগোনা বেড়ে গেছে। সন্ত্রাসীরা আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের প্রাণনাশের হুমকি দিচ্ছে। তারা সন্ধ্যার পর নির্দিষ্ট কিছু স্থানে দাঁড়িয়ে থাকে এবং ছিনতাই করে। সন্ত্রাসীরা ক্যাম্পাসের ভেতরে এসে অবৈধ কাজকর্ম করে বলে (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

কার্যকর ব্যবস্থা গ্রহণ ও ক্যাম্পাসে পুলিশ ক্যাম্প স্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়েছে।

২০০১-২০০২ সেশনে ছাত্রছাত্রী
ভর্তি করা হচ্ছে না

বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন সফলতা জটিলতা, সেশন জট, সিডিকেটসহ বিশ্ববিদ্যালয়ের প্রারম্ভিক বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে বিলম্বের কারণে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তি নেয়া হচ্ছে না। জানা গেছে, প্রতি বছর জানুয়ারী জুন এবং জুলাই-ডিসেম্বর এই দুই সেমিস্টারের জন্য বছরে দু'বার ছাত্র-ছাত্রী ভর্তি করা ও শিক্ষাদান ও পরীক্ষা পদ্ধতি বিবর্তিত হবে।

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
(৩য় পৃঃ পর)

অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা প্রাণের ভয়ে এর প্রতিবাদ করে না। সন্ত্রাসীরা শিক্ষক ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্য করে প্রকাশ্যে কটুক্তি করে। বিশেষ করে ক্যাম্পাসের 'মহিলা হলের' ছাত্রীরা অস্বস্তিকর অবস্থায় পড়েছে। ছাত্রীরা সন্ত্রাসীদের অশোভনীয় আচরণের জন্য হল থেকে বের হতে পারে না। এব্যাপারে অবিলম্বে